

S. R. Fatepuria College, Beldanga, MSD

Students' Union Election, 2017

Date - wise election Process

Election Date 28.01.2017

Sl. No.	Date	Day	Subject				
1	09.01.17	Monday	Issuance of Election Notice				
2	10.01.17	Tuesday	Formation of election commission as follows:-				
			Chairman	Goutam Sarkar			
			Member	Debarshi Bhattacharya			
			Member	Paritosh Mandal			
			Member	Milan Mandal			
			Member	Prabir Kr. Dutta			
3	10.01.17	Tuesday	Joint meeting of election commission with all Students' Organizations at 1:00 Pm				
4	11.01.17	Tuesday Wednesday onward	Publication of voter list of 1st year and 3rd year Students				
5	11.01.17	Wednesday	Issuance of Nomination Form from Library Counter (1:30 Noon. to 3:00 P.M.)				
	13.01.17	Friday					
8	16.01.17	Monday	Publication of 2nd Year Provisional voter list at 3-00 P.M.				
9	18.01.17	Wednesday	Submission of Nomination Form (11:30 A.M. to 1:30 P.M.)				
10	18.01.17	Wednesday	Scrutiny of Nomination Form				
	18.01.17	Wednesday	Voter list correction, if any (To be intimated to the office)				
11	19.01.17	Thursday					
12	19.01.17	Thursday	Publication of supplementary voter list (1 PM) & Valid Nomination Paper at 5 PM				
13	20.01.17	Friday	Withdrawal of Nomination form (1:30 A.M. to 3:00 PM)				
14	21.01.17	Saturday	Publication of final list of contesting candidates at 5 P.M.				
15	27.01.17	Friday	Submission of name of polling agent & issuance of polling agent card at 11 AM to 2				
16	28.01.17	Saturday	Date of casting vote from 11:30 A.M. to onwards and Result will be declared on this date.				



S. Mukhopadhyay
 Dr. Sujata Mukhopadhyay
 Teacher-in-charge
Teacher-in-charge
S.R. Fatepuria College
Beldanga, Murshidabad



ছাত্র সংসদ নির্বাচন ২০১৭

নির্বাচন সংক্রান্ত তথ্য ও আচরণ বিধি

- ১) ০৯/০১/২০১৭ সোমবার : নির্বাচনী বিজ্ঞপ্তি জারি করা হলো ।
- ২) ১০/০১/২০১৭ মঙ্গলবার : নির্বাচন কমিশন গঠিত হলো :
 - (ক) গৌতম সরকার, চেয়ারম্যান
 - (খ) দেবর্ষি ভট্টাচার্য, মেম্বর
 - (গ) মিলন মন্ডল, মেম্বর
 - (ঘ) প্রবীর কুমার দত্ত, মেম্বর
 - (ঙ) পরিতোষ মন্ডল, মেম্বর
- ৩) ১০/০১/২০১৭ মঙ্গলবার : শিক্ষক সংস্থার সভায় ছাত্র সংসদের আসন্ন নির্বাচন সংক্রান্ত আলোচনা সংগঠিত হয় এবং জেলা প্রশাসন দ্বারা নির্ধারিত নির্বাচনের দিন আগামী ২৮/০১/২০১৭ শনিবার । আসন্ন নির্বাচন সংক্রান্ত আচরণ বিধি ঠিক করা হয় ।
- ৪) ১০/০১/২০১৭ মঙ্গলবার : সমস্ত ছাত্র সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে শিক্ষক সংস্থার সভায় ছাত্র সংসদের আসন্ন নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা হয় ।
- ৫) ১১.০১.২০১৭, বুধবার : প্রথম ও তৃতীয় বর্ষের ভোটার তালিকা প্রকাশ বেলা ৩ টের সময় ।
- ৬) ১১/০১/২০১৭ বুধবার : মনোনয়ন পত্র প্রদান করা হবে :- লাইব্রেরী কাউন্টার থেকে এবং ১৩/০১/২০১৭ শুক্রবার দেওয়া হবে বেলা ১.৩০ টা থেকে ৩.০০ টা পর্যন্ত
- ৭) ১১/০১/২০১৭ বৃহস্পতিবার : প্রথম বর্ষের ফলপ্রকাশের পরে উত্তীর্ণ ছাত্রছাত্রীদের দ্বিতীয় বর্ষে ভর্তি ১৩/০১/২০১৭ এবং ১৪/০১/২০১৭ শুক্রবার নেওয়া হবে । এছাড়া যে সমস্ত ছাত্রছাত্রী পাট- ওয়ান পাশ না করার জন্য তৃতীয় বর্ষে ভর্তি হতে পারেনি, তারা পাট- ওয়ান উত্তীর্ণ হলে তৃতীয় বর্ষে ভর্তি হতে পারবে ।
- ৮) ১৬/০১/২০১৭ সোমবার : দ্বিতীয় বর্ষের ভোটার তালিকা প্রকাশিত হবে বেলা ৩.০০ টা ।
- ৯) ১৮/০১/২০১৭ বুধবার : মনোনয়ন পত্র জমা নেওয়া হবে বেলা ১১.৩০ মিনিট থেকে বেলা ১ :৩০ মি: পর্যন্ত ।
- ১০) ১৮/০১/২০১৭ বুধবার : মনোনয়ন পত্র পরীক্ষা (স্ফুটিনি) করা হবে

১১) ১৮/০১/২০১৭ বুধবার ছাত্রছাত্রীদের ভোটার তালিকায় নাম সংযোজন করার সময়
এবং ১৯/০১/২০১৭ বৃহস্পতিবার বেলা ১:৩০ মি: থেকে ৩:৩০ মি:

১২) ১৯/০১/২০১৭ বৃহস্পতিবার সংযোজিত (সাপ্লিমেন্টারী) ভোটার তালিকা প্রকাশিত হবে
সময় : বেলা ৩.৩০ মিনিটে।

১৩) ১৯/০১/২০১৭ বৃহস্পতিবার বৈধ প্রার্থী তালিকা প্রকাশ বিকেল ৫টা

১৪) ২০/০১/২০১৭ শুক্রবার মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাবে বেলা ১.৩০ মিনিট
থেকে দুপুর বেলা ৩.০০ টা।

১৫) ২১/০১/২০১৭ শনিবার প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশিত হবে বেলা ৩.০০ মিনিটে।

১৬) ২৮/০১/২০১৭ শনিবার ছাত্রসংসদ নির্বাচন

১৭) ২০১৭ ছাত্র সংসদ নির্বাচনে প্রতিনিধিত্বের জন্য বিভিন্ন ছাত্র সংগঠন তাদের সংগঠনের প্যাডে
আবেদনের ভিত্তিতে অথবা প্রতিনিধিত্বে ইচ্ছুক বৈধ ছাত্র-ছাত্রীরা নিজে উপস্থিত হয়ে নিজের সমস্ত তথ্য
উল্লেখসহ লিখিত আবেদন করে কলেজ Library counter থেকে Nomination Form সংগ্রহ করতে
পারবে (বেলা ১:৩০মি থেকেম ৩-০০ টার মধ্যে)। প্রতিটি ছাত্র সংগঠনকে সর্বাধিক ২০০ টি (দু শো)
Nomination Form দেওয়া হবে।

১৮) মনোনয়ন পত্র সংগ্রহ করা, মনোনয়ন পত্র জমা দেওয়া, এবং মনোনয়ন পত্র প্রত্যাহার করার সময়
বিভিন্ন ছাত্র সংগঠনের সর্বোচ্চ দুজন বর্তমান বৈধ ছাত্র সদস্য উপস্থিত থাকতে পারবে।

১৯) প্রতিটি Nomination Form এর মূল্য ৫/- (পাঁচ) টাকা ধার্য হ'ল।

২০) Nomination Form পূরণ করে জমা দেবার সময় Fees Book ও Identity Card (Original)
দেখাতে হবে এবং Fees Book এবং Identity Card এর x'erox কপি জমা দেবে। ঐ দিন Original
Fees Book & Identity Card ফেরত দেওয়া হবে।

২১) প্রার্থীপদ প্রত্যাহারের সময় প্রার্থীকে নিজে হাজির থাকতে হবে অথবা সংগঠনগত ভাবে লিখিত
ভাবে বৈধ প্যাডে প্রার্থী পদ প্রত্যাহার করা যাবে।

২২) প্রতিটি ছাত্র সংগঠনের প্রতিনিধিদের মতৈক্যের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, কোন সময়েই
বহিরাগত কলেজ চত্বরে প্রবেশ করবে না।

২৩) কেবলমাত্র বর্তমান বর্ষের বৈধ ছাত্র-ছাত্রীরাই নির্বাচনী প্রক্রিয়ায় অংশ গ্রহণ করতে পারবে।

২৪) কলেজ প্রাঙ্গণের কোনো দেওয়ালে কোন পোস্টারিং বা দেওয়াল লিখন করা যাবে না।
লাইব্রেরীতে, ল্যাবরেটরীতে বা ক্লাশ রুমে বা বারান্দায় কোন প্রকার প্রচার করা যাবেনা।



২৫) কলেজের সীমানা থেকে ১০০ গজের মধ্যে কোন রকম নির্বাচনী ক্যাম্প, দেওয়াল লিখন এবং মাইকিং করা যাবে না।

২৬) নিজ নিজ ক্রমিক সংখ্যা অনুযায়ী নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট ঘরে প্রতিটি ছাত্র-ছাত্রী কে ভোট প্রদান করতে হবে।

২৭) বর্তমান বৈধ ছাত্র-ছাত্রীরাই কেবলমাত্র ভোট প্রার্থী এবং ভোটার হতে পারবে। Voter এর অর্থ হল :

প্রথম বর্ষ বি. এ., বি. কম., বি. এস. সি. ছাত্রছাত্রীদের মধ্যে যারা কল্যাণী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের ফর্ম ফিলাপ করেছে, তারাই কেবল ভোটার হিসাবে গণ্য হবে।

দ্বিতীয় বর্ষ বি. এ., বি. কম., বি. এস. সি. ছাত্রছাত্রীদের মধ্যে যারা সকল বিষয়ে উত্তীর্ণ বা কোন একটি বিষয়ে 'XS' প্রাপ্ত এবং দ্বিতীয় বর্ষে ৬ মাসের বেতন সহ অন্যান্য সকল ফী দিয়ে ভর্তি হয়েছে কেবলমাত্র তাহারাি বৈধ ভোটার হিসাবে গণ্য হবে।

তৃতীয় বর্ষ বি. এ., বি. কম., বি. এস. সি. ছাত্রছাত্রীদের মধ্যে যারা সকল বিষয়ে উত্তীর্ণ বা কোন একটি বিষয়ে 'XS' প্রাপ্ত এবং তৃতীয় বর্ষে ৬ মাসের বেতন সহ অন্যান্য সকল ফী দিয়ে ভর্তি হয়েছে কেবলমাত্র তাহারাি বৈধ ভোটার হিসাবে গণ্য হবে।

পাট - ২ তে সম্পূর্ণ ফেল করেছে অথচ ১১০ টাকা দিয়ে পাট- ৩ তে ভর্তি হয়েছে যারা তাদের নাম বাতিল হবে।

২৮) ভোট পর্ব চলাকালীন কোন ছাত্র-ছাত্রী নিজ ঘর ছাড়া অন্য ঘরে প্রবেশ করতে পারবে না। ভোটের দিন ছাত্র-ছাত্রীরা Mobile Phone বা Camera নিয়ে College - এর মধ্যে প্রবেশ করতে পারবে না। এই বিধি ভঙ্গ করলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৯) ভোটের দিন বৈধ ছাত্র-ছাত্রীরাই (voter) বেলা ১০.১৫মি: থেকে ১১.১৫ মি: পর্যন্ত কলেজে প্রবেশ করবে।

৩০) প্রত্যেক **Voter, Identity Card & Fees Book** কলেজের মেন গেটে দেখিয়ে প্রবেশ করবে।

পাতা নং - ৩



৩১) ভোট গ্রহণ শুরু করা হবে ২৮-শে জানুয়ারি (শনিবার), ২০১৭ বেলা ১১.৩০ মিনিট থেকে ।
১১.১৫ মিনিটে কলেজ এর Main Gate বন্ধ করা হবে ।

৩২) প্রতিটি সংগঠনের পক্ষ থেকে প্রতিটি ঘরে একজন করে এজেন্ট থাকবে । প্রতিটি এজেন্টের একজন করে বিকল্প থাকতে পারবে। ঐ এজেন্ট বা তার বিকল্পকে অবশ্যই ঐ ঘরের voter হতে হবে। নির্বাচন কমিশন প্রতিটি এজেন্টকে এজেন্ট-Identity Card দেবো। ভোট গণনা শেষ হওয়ার পর ভোট গ্রহণ কক্ষের ভারপ্রাপ্ত অধ্যাপক / অধ্যাপিকার রিলিজ সার্টিফিকেট ছাড়া কোন এজেন্ট চলে যেতে পারবে না ।

৩৩) এজেন্টদের নাম ২৭.০১.১৭ (শুক্রবার) তারিখে দুপুর ১১ টা থেকে ২.০০ টার মধ্যে জমা দিয়ে এজেন্ট কার্ড নিতে হবে ।

৩৪) প্রতিটি voter কে ভোট প্রদানের পর কলেজের বাইরে চলে যেতে হবে ।


৩৫) সমস্ত ঘরের ভোট প্রদানের পর্ব শেষ হওয়ার পর কমিশন-নির্ধারিত সময়ে ভোট গণনা শুরু হবে ।

৩৬) ভোটের দিন বিজয়ী প্রার্থীদের নির্বাচন কমিশন সার্টিফিকেট দিয়ে দেবে ।

৩৭) নির্বাচন ঘোষণা হওয়ার দিন থেকে College Campus এর মধ্যে কোন ছাত্র-ছাত্রী বা গোষ্ঠীর দ্বারা সৃষ্ট বিশৃঙ্খলাপূর্ণ অশোভনীয় আচরণের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে ।

৩৮) প্রয়োজনে উপরোক্ত তথ্য ও বিধি পরিমার্জন, পরিবর্তন ও সংযোজন হতে পারে । নির্বাচন সংক্রান্ত যে কোন বিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত ।




১০/০১/১৭

চেয়ারম্যান

নির্বাচন কমিশন

এস. আর. এফ. কলেজ

বেলডাঙ্গা, মুর্শিদাবাদ